# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪২৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযান মাসে যে ব্যক্তি সালাত আদায় ও যাকাত আদায় করার পাশাপাশি দিনে সিয়াম রাখে ও রাতে কিয়াম করে, মহান আল্লাহ তাকে সিদ্দীক ও শহীদদের অন্তর্ভুক্ত লিপিবদ্ধ করেন

ذِكْرُ كِتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا صَائِمَ رَمَضَانَ وَقَائِمَهُ مَعَ إِقَامَتِهِ الصَّلَاةَ وَالزَّكَاةَ مِنَ الصِّدِّيقِينَ والشهداء

---

আরবী

3429 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ عَنْ شُعَيْبِ بْنِ أَبِي حَمْزَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي حُسَيْنٍ عَنْ عِيسَى بْنِ طَلْحَةَ قَالَ: سَمِعْتُ عَمْرَو بْنَ مُرَّةَ الْجُهَنِيَّ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: يارسول اللَّهِ أَرَأَيْتَ إِنْ شَهِدْتُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّكَ رَسُولُ اللَّهِ وَصَلَّيْتُ الصَّلَوَاتِ الْخَمْسَ وَأَدَّيْتُ الزَّكَاةَ وَصُمْتُ رَمَضَانَ وَقُمْتُهُ فَمِمَّنْ أنا؟ قال: (من الصديقين والشهداء)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3429 | خلاصة حكم المحدث: صحيح – ((التعليق الرغيب)) (3/ 221).

বাংলা

৩৪২৯. আমর বিন মুর্রা আল জুহানী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার কী অভিমত, যদি আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, আপনি আল্লাহর রাসূল, পাঁচ ওয়াক্ত সালাত আদায় করি, যাকাত প্রদান করি, রমযানের সিয়াম পালন করি, রমযানের কিয়াম করি, তাহলে আমি কাদের অন্তর্ভুক্ত হবো?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সিদ্দীক ও শহীদদের অন্তর্ভুক্ত হবে।”[1]

## ফুটনোট

[1] হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ১/৪৬; ইমাম সুয়ূতী, আল জামিউল কাবীর: ২/৫৮২; বাযযার: ২৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্ত অনুযায়ী সহীহ বলেছেন।
আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/২২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনু মুররা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন